**জনশুমারি আয়োজন, সমৃদ্ধি ও উন্নয়ন**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
**জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প**
পরিসংখ্যান ভবন (২য় তলা)
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
*www.bbs.gov.bd*

স্মারক নং: ৫২.০১.০০০০.১১৩.১৪.০০২.১৫. ৬৯৭-৮ তারিখ: ১১ পৌষ, ১৪২৭ ব.
২৭ ডিসেম্বর, ২০২০ খ্রি.

**বিষয়ঃ** বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর আওতায় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন,পরিবীক্ষণ ও বাস্তবায়নের নিমিত্ত গঠিত **"নৈতিকতা কমিটি"** এর ২০২০-২১ অর্থবছরের ২য় সভার কার্যবিবরণী।

সভার তারিখ : ২৪ ডিসেম্বর, ২০২০ খ্রি.,বৃহস্পতিবার;
সভার সময় : সকাল ১১:৩০ ঘটিকা;
সভাপতি : জনাব মোহাম্মদ তাজুল ইসলাম, মহাপরিচালক, বিবিএস
সভার স্থান : মহাপরিচালক, বিবিএস মহোদয়ের সভাকক্ষ, লেভেল -১, পরিসংখ্যান ভবন

সভায় উপস্থিত সদস্যদের তালিকা **পরিশিষ্ট ক** দ্রষ্টব্য।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মহাপরিচালক এবং শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন,পরিবীক্ষণ ও বাস্তবায়নের নিমিত্ত গঠিত "নৈতিকতা কমিটি" সভাপতি জনাব মোহাম্মদ তাজুল ইসলাম সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সদস্য-সচিবকে সভার আলোচ্যসূচি অনুযায়ী উপস্থাপনের জন্য আহ্বান জানান। সদস্য-সচিব সভার উদ্দেশ্যে জাতীয় শুদ্ধাচার কৌশলের পটভূমি, শুদ্ধাচারের উদ্দেশ্য ও প্রয়োজনীয়তা,শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ক্ষেত্রভিত্তিক বিভিন্ন কার্যসম্পাদন সূচক এবং পরিবীক্ষণ ও বাস্তবায়নের অগ্রগতি এবং সভার আলোচ্য বিষয় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে উপস্থাপন করেন।

০২। সভার আলোচ্যসূচি অনুযায়ী নিম্নোক্তভাবে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | কমিটির সভা | শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন এবং কর্ম-পরিকল্পনার অগ্রগতি অবহিতকরণসহ লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের জন্য নৈতিকতা কমিটির সভার বিকল্প নেই বলে সভার আলোচনা হয়। এ কৌশলের প্রধান লক্ষ্যই হলো শুদ্ধাচার চর্চা এবং দুর্নীতি প্রতিরোধের মাধ্যমে রাষ্ট্র ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা করা। এ কারনে নৈতিকতা কমিটিকে সফলভাবে কাজ করতে হবে এবং এরই ধারাবাহিকতায় সভা নিয়মিত আয়োজন করতে হবে। | নৈতিকতা কমিটির সভা নিয়মিত করতে হবে। | পরিচালক, প্লানিং এন্ড ডেভেলপমেন্ট সেল/ ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ০২ | প্রমাণক | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক ২০২০-২১ অর্থবছরের প্রস্তুতকৃত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় বর্ণিত কার্যক্রমসমূহের জন্য নির্ধারিত কার্যাবলী যথাযথভাবে সম্পাদন করতে হবে এবং সে সকল সম্পাদিত কার্যসূচকের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের লক্ষ্যে উপযুক্ত প্রমাণক সঠিকভাবে যথাসময়ে মহাপরিচালক, বিবিএস এর দপ্তরে দাখিল করার বিষয়ে সভায় আলোচনান্তে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কার্যসম্পাদন সূচকের বিপরীতে প্রমাণক যথাসময়ে সঠিকভাবে দাখিল করতে হবে। | সংশ্লিষ্ট সূচক বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/ পদ |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৩ | অর্থ বরাদ্দ | শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার কার্যক্ষেত্র ১২.১ এ বর্ণিত অর্থ বরাদ্দের বিষয়ে সভায় জানানো হয় যে, শুদ্ধাচার খাতে অর্থ বরাদ্দের জন্য অর্থনৈতিক কোড-৩২৫৭১০৬ সৃষ্টির নিমিত্ত পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে চিঠি প্রেরণ করা হয়েছে। এখনো অর্থনৈতিক কোড পাওয়া যায় নি। তবে চেষ্টা অব্যাহত রয়েছে। | অর্থনৈতিক কোড ও অর্থ বরাদ্দ পেতে চেষ্টা অব্যাহত রাখতে হবে। | ডিডিও, বিবিএস |
| ০৪ | পরিদর্শন | সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী মহাপরিচালক, বিবিএস মহোদয়ের পাশাপাশি সকল স্তরের কর্মকর্তাগণকে বিধি মোতাবেক অধস্তন শাখা/ অধিশাখা ও আওতাধীন কার্যালয় নিয়মিত পরিদর্শনের উপর সভায় গুরুত্বারোপ করা হয়। উইং ভিত্তিক অধস্তন শাখা/ অধিশাখা পরিদর্শন শেষে পরিদর্শন প্রতিবেদন এবং অগ্রগতি বিষয়ক কার্যাবলি মাসিক সমন্বয় সভায় নিয়মিত আলোচনার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | ১) শাখা/অধিশাখা ও আওতাধীন কার্যালয় নিয়মিত পরিদর্শন করতে হবে।<br>২)পরিদর্শন প্রতিবেদনের অগ্রগতি মাসিক সমন্বয় সভায় উইং ভিত্তিক আলোচনা ও মূল্যায়ন করতে হবে। | সকল পরিচালক এবং মহাপরিচালক, বিবিএস |
| ০৫ | পুরস্কার প্রদান | শুদ্ধাচার চর্চা ও দুর্নীতি প্রতিরোধ এবং নাগরিক সেবার মান আরোও সহজতর করার জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মচারীদের বিধি মোতাবেক নিয়মিত শুদ্ধাচার পুরস্কার প্রদানের বিষয়ে সভায় আলোচনা হয়েছে। এ কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য মাঠ পর্যায়ে পুরস্কার প্রদানের জন্য বিধি মোতাবেক যাচাই কমিটি গঠনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে সভায় একমত পোষন করা হয়েছে। | মাঠ পর্যায়ে পুরস্কার প্রদানের জন্য যাচাই কমিটি গঠন করতে হবে। | পরিচালক, প্লানিং এন্ড ডেভেলপমেন্ট সেল/ ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ০৬ | অফিসিয়াল গ্রুপ | ডিজিটাল বাংলাদেশ প্রেক্ষাপটে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর কম্পিউটার উইং এর তত্বাবধানে একটি অফিসিয়াল গ্রুপ প্রস্তুত করা হয়েছে। এই গ্রুপের মাধ্যমে বিভিন্ন অফিস আদেশ বা গুরুত্বপূর্ন কোন সংবাদ বা নির্দেশনা দ্রুততর সময়ে সংশ্লিষ্ট সকলের কাছে প্রেরণ করা যাবে মর্মে সভায় আলোচনা হয়েছে। সভায় জানানো হয় যে, "সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা, ২০১৬" এবং "সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা, ২০১৯ (পরিমার্জিত সংস্করণ" অনুযায়ী উক্ত দাপ্তরিক গ্রুপের ৩/৫ সদস্যের একটি টিম দ্বারা পরিচালিত হবে। উল্লেখ্য, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো নামে ব্যক্তি কর্তৃক পরিচালিত যে সকল পেইজ বা গ্রুপ বিদ্যমান রয়েছে তা অবিলম্বে বন্ধ করা প্রয়োজন অথবা বিধি মোতাবেক টিম কর্তৃক পরিচালনা করা একান্ত প্রয়োজন মর্মে সভায় গুরুত্বারোপ করা হয়েছে। | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর নাম দিয়ে ব্যক্তি কর্তৃক পরিচালিত সকল পেইজ বা গ্রুপ অবিলম্বে বন্ধ করতে হবে এবং প্রস্তুতকৃত বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর অফিসিয়াল গ্রুপ পরিচালনার জন্য ৩/৫ সদস্যের একটি টিম গঠন করতে হবে। | পরিচালক, কম্পিউটার উইং |
| ০৭ | জনবল | শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন এবং কর্ম-পরিকল্পনার অগ্রগতি শতভাগ অর্জনের নিমিত্ত নৈতিকতা কমিটি ও ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সাপোর্ট প্রয়োজন মর্মে সভায় আলোচনা হয়েছে। প্লানিং এন্ড ডেভেলপমেন্ট সেলের কর্মচারীগণ সর্বাত্বকভাবে ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সহযোগিতা করবে উল্লেখ করে সভায় গুরুত্বারোপ করা হয়। এছাড়াও নিজ কাজের অতিরিক্ত দায়িত্ব হিসেবে এক বা দুজন | শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন এবং কর্ম-পরিকল্পনার অগ্রগতি শতভাগ অর্জনের নিমিত্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে প্লানিং এন্ড ডেভেলপমেন্ট সেল কর্তৃক সর্বাত্বক সহযোগিতা | পরিচালক, প্লানিং এন্ড ডেভেলপমেন্ট সেল এবং পরিচালক, এফএ এন্ড এমআইএস উইং, বিবিএস |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | কর্মচারীকে শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার কাজে নিয়োজিত করা প্রয়োজন বিবেচনায় সভায় আলোচনা হয়। | করতে হবে এবং নিজ কাজের অতিরিক্ত দায়িত্ব হিসেবে এক বা দুজন কর্মচারীকে শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার কাজে নিয়োজিত করতে হবে। | |

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/১২/২০২০

মোহাম্মদ তাজুল ইসলাম
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
ফোনঃ ৫৫০০৭০৫৬
ই-মেইলঃ dg@bbs.gov.bd

স্মারক নং: ৫২.০১.০০০০.১১৩.১৪.০০২.১৫. ৬২৭ তারিখ: ১১ পৌষ, ১৪২৭ ব. / ২৭ ডিসেম্বর, ২০২০ খ্রি.

**বিতরণ: কার্যার্থে** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
০২. পরিচালক, এফএ এন্ড এমআইএস উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
০৩. পরিচালক, প্লানিং এন্ড ডেভেলপমেন্ট সেল, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
০৪. পরিচালক, এগ্রিকালচার উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
০৫. পরিচালক, ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
০৬. পরিচালক, ইন্ডাস্ট্রী এন্ড লেবার উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
০৭. পরিচালক, ন্যাশনাল একাউন্টিং (মুল্য ও মজুরি) উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, ঢাকা।
০৮. পরিচালক, ন্যাশনাল একাউন্টিং (জিডিপি) উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, ঢাকা।
০৯. পরিচালক, সেন্সাস উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
১০. পরিচালক,স্ট্যাটিস্টিক্যাল স্টাফ ট্রেনিং ইনস্টিটিউট (এসএসটিআই), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
১১. পরিচালক, কম্পিউটার উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
১২. ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস ই-সার্ভিস, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, ঢাকা।
১৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট,কম্পিউটার উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
১৪. আয়ন-ব্যয়ন কর্মকর্তা, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
১৫. প্রোগ্রামার, কম্পিউটার উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
১৬. উপপরিচালক (প্রশাসন), এফএ এন্ড এমআইএস উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, ঢাকা।
১৭. উপপরিচালক (সমন্বয়), এফএ এন্ড এমআইএস উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, ঢাকা।
১৮. ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা , বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, আগারগাঁও, ঢাকা।
১৯. প্রোগ্রামার, ওয়েব সাইট শাখা, কম্পিউটার উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, ঢাকা।
২০. উপপরিচালক (প্রশাসন), এগ্রিকালচার উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
২১. উপপরিচালক (প্রশাসন), ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, ঢাকা।
২২ উপপরিচালক (প্রশাসন), ইন্ডাস্ট্রী এন্ড লেবার উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, ঢাকা।
২৩ উপপরিচালক (প্রশাসন), ন্যাশনাল একাউন্টিং (মুল্য ও মজুরি) উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
২৪ উপপরিচালক (প্রশাসন), ন্যাশনাল একাউন্টিং (জিডিপি) উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, আগারগাঁও, ঢাকা।
২৫ উপপরিচালক (প্রশাসন), সেন্সাস উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।

২৬ উপপরিচালক (প্রশাসন),স্ট্যাটিস্টিক্যাল স্টাফ ট্রেনিং ইনস্টিটিউট ,বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।

২৭ উপপরিচালক (প্রশাসন), প্লানিং এন্ড ডেভেলপমেন্ট সেল, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, ঢাকা।

**সদয় জ্ঞাতার্থে অনুলিপি:**

১। স্টাফ অফিসার, উপমহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)।

২। ব্যক্তিগত কর্মকর্তা,মহাপরিচালকের দপ্তর, বিবিএস (মহাপরিচালক মহোদয়কে অবহিতকরণের জন্য) ।

৩। অফিস কপি

২৪/১২/২০২৪

নয়ন কান্তি রায়
বিসিএস (পরিসংখ্যান)
পরিসংখ্যান কর্মকর্তা
ও
সদস্য-সচিব, নৈতিকতা কমিটি, বিবিএস
মুঠোফোন: ০১৭১৬৫৫৪৬৩৫
ই-মেইল: nkray05@gmail.com